



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২৩/ ২৭২

তারিখঃ ২০/৩/২০২৩ খ্রি.

**ঃ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কোটায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও কলেজে জমা দেয়ার বিজ্ঞপ্তি :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ১০(২২৬) জাতীঃ/বিঃ/রেজিঃ/অ্যাকা:/২০২৩/২৭৭৯ তারিখঃ ১৮/০৬/২০২৩ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কোটায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও কলেজে জমা দেয়ার তারিখ ২০/০৬/২০২৩ খ্রি. থেকে ০৯/০৭/২০২৩ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) চলবে। শিক্ষার্থীরা উক্ত তারিখের মধ্যে ফরম অনলাইন হতে উত্তোলনপূর্বক টাকা পরিশোধ করে স্ব স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য বিষয় পরিবর্তনের জন্য কোন টাকা জমা দিতে হবে না।

উল্লেখ্য যে কোটায় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৬/০৭/২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।


কোটায় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী বিষয় পরিবর্তন করতে পারবে না।


২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ফরম অনলাইন হতে প্রিন্ট করে কলেজের স্ব স্ব বিভাগে জমা দেয়ার তারিখ ২০/০৬/২০২৩ থেকে ০৯/০৭/২০২৩ খ্রি. পর্যন্ত।

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।

বিষয়টি অতীব জরুরী।

বিঃ দ্রঃ নং কুসক-২০২৩/১১৮ তারিখঃ ২১/০৫/২০২৩ এ প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
(প্রফেসর শিশির কুমার রায়)  
অধ্যক্ষ  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

  
(প্রফেসর মোঃ আহসান কবীর রানা)  
আহবায়ক  
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২২-২০২৩  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

#### কপি বিতরণঃ-

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। সম্মানিত সকল অনার্স বিভাগীয় প্রধান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। শাখা সহকারী, অনার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। সংরক্ষণ নথি।